



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং: ১০২/ক/স্বী/০২/অংশ-০২/১৩৪৮

তারিখ: ২৭/১০/২০২৪

বিষয়: ঢাকা মহানগরীর মতিঝিল থানাধীন আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ এর সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), জনাব মো: মিজানুর রহমান -কে বকেয়া বেতন ভাতাদি পরিশোধসহ স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র: ১) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আপীল এন্ড আরবিট্রেশন কমিটির ১৮/০৯/২০২৪ তারিখের সভার মতামত ও সুপারিশ।

২) ১৮/০৯/২০২৪ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক মতামত ও সুপারিশের প্রেক্ষিতে ১৭/১০/২০২৪ তারিখের ২৩২ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর মতিঝিল থানাধীন আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, এর সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), জনাব মো: মিজানুর রহমান -এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আপীল এন্ড আরবিট্রেশন কমিটির গত ১৮/০৯/২০২৪ তারিখের সভায় বিস্তারিত আলোচনা, প্রাপ্ত তদন্ত প্রতিবেদন ও অন্যান্য তথ্য উপাত্ত বিশ্লেষণপূর্বক প্রমাণিত না হওয়ায় জনাব মো: মিজানুর রহমান -কে স্বপদে পুনর্বহালের সুপারিশ করা হয়। উক্ত সুপারিশ গত ১৭/১০/২০২৪ তারিখের ২৩২ তম বোর্ড সভায় অনুমোদন দেয়া হয়।

এমতাবস্থায়, ঢাকা মহানগরীর মতিঝিল থানাধীন আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ এর সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), জনাব মো: মিজানুর রহমান -কে বকেয়া বেতন ভাতাদি পরিশোধসহ স্বপদে পুনর্বহালের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক পত্র ইস্যুর তারিখ হতে ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী
সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২২২-৩৩-৬৯৮১৩

ইমেইল: secretary@dhakaeducationboard.gov.bd

সভাপতি, গভর্নিং বডি

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ (ইআইআইএন-১০৮২৭৭)


মতিঝিল, ঢাকা।

মোমো নং- ১৩৪৮ (৬)

তারিখ: ২৭/১০/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা
৪. জেলা প্রশাসক, ঢাকা
৫. জেলা শিক্ষা অফিসার, ঢাকা
৬. অধ্যক্ষ, আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা
৭. জনাব মো: মিজানুর রহমান, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা
৮. পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৯. অফিস কপি।


সচিব ২৭/১০/২৪
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা